বই বিতরণ

সেবা প্রাপ্তির সংক্ষিপ্ত বিবরণ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক বইয়ের চাহিদা চেয়ে পত্র প্রেরণ করা হয়। প্রতিষ্ঠান প্রধান কর্তৃক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট চাহিদা প্রেরণ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক সকল চাহিদা একত্রিত করে জেলা শিক্ষা অফিসের মাধ্যমে এনসিটিবিতে প্রেরণ করা হয়। এনসিটিবি কর্তৃক সরবরাহকৃত বই উপজেলায় গুদামজাত করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কমিটির সভা করে বই বিতরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর অনুমোদিত সিডিউল মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিষ্ঠান-প্রধানের নিকট বই বিতরণ করা হয়। অবশেষে প্রতিষ্ঠান-প্রধানগণ শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ করেন।
সেবা প্রাপ্তির সময়	প্রতি বছর ডিসেম্বর মাসের মধ্যে, তবে বিতরণের কাজটি ১-২ দিনেই শেষ হয়
প্রয়োজনীয় ফি	বিনামূল্যে
সেবা প্রাপ্তির স্থান	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহ: উপ: মাধ্যমিক শিক্ষা অফিসার
প্রয়োজনীয় কাগজপত্র	প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শ্রেণিভিত্তিক সম্ভাব্য ছাত্র / ছাত্রী সংখ্যা উল্লেখ পূর্বক আবেদনপত্র
সেবা প্রাপ্তির শর্তাবলি	নীতিমালা অনুসারে অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থী
সংশ্লিষ্ট আইন ও বিধি	নীতিমালা অনুসারে অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানের নিয়মিত শিক্ষার্থীদের মাঝে
সেবা প্রদানে ব্যর্থ হলে প্রতিকারকারী কর্মকর্তা	জেলা শিক্ষা অফিসার